

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।


নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৯ / ২০৪

তারিখ: ২০ জুন, ২০১৯ খ্রি:

বিষয়: আগাম কর আদায় সংক্রান্ত বিষয়ে দিক-নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ১৩ জুন, ২০১৯ মহান জাতীয় সংসদে অর্থবিল ২০১৯ উপস্থাপিত হয়। অর্থবিল ২০১৯ এর দফা ৭১ অনুযায়ী আগাম কর আরোপ করা হয়; যা Provisional Collection of Taxes Act 1931 (Act No XVI of 1931) এর Section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে অবিলম্বে কার্যকর হয়। সরকারি প্রতিষ্ঠানসহ কিছু কিছু ক্ষেত্রে আগাম কর পরিণোধের পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় আমদানি পণ্য ছাড়করণে জটিলতা তৈরি হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে। তাই ক্রান্তিকালীন সময়ে অর্থাৎ আগামী ৩০ জুন, ২০১৯ পর্যন্ত নিয়ন্ত্রিত ক্ষেত্রে, আমদানিকারক কর্তৃক ৫ (পাঁচ) শতাংশ আগাম কর আইন অনুযায়ী পরিশোধ করবেন মর্মে ৩০০ (তিনি শত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে আগাম কর আদায় ব্যতিরেকে শুক্রায়ন ও খালাসের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যথা:-

- (ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা এবং আইন ও চুক্তিপত্রের মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয়/হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;
- (খ) Customs Act, 1969 (Act IV of 1969) এর Section এর ১৩ এর অধীনে বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশন প্রাপ্ত সরাসরি রপ্তানিমূলী শিল্প প্রতিষ্ঠান, প্রচল রপ্তানিমূলী শিল্প প্রতিষ্ঠান ও ডিপ্লমেটিক বন্ডেডওয়্যার হাউস কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্য;
- (গ) Presidents (Remuneration and Privileges) Act, 1975 অনুসারে রাষ্ট্রপতি কর্তৃক আমদানিকৃত পণ্য;
- (ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-৬১-আইন/৯২/১৪৪৪/শুল্ক, তারিখ: ১৭/০৩/১৯৯২ খ্রিস্টাব্দ এর আওতায় ত্রাণ হিসেবে আমদানিকৃত পণ্য;
- (ঙ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-৩৬-আইন/৯৩/১৫০২/শুল্ক, তারিখ: ১৫/০২/১৯৯৪ খ্রিস্টাব্দ এর আওতায় অক্ষ ও বধিরদের জন্য আমদানিকৃত পণ্য;
- (চ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং ৯(১)NBR/Cus-IV/৭২/২৪৬, Date: 10.04.1981 এর আওতায় Defence Store হিসেবে আমদানিকৃত পণ্য;
- (ছ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদনের ভিত্তিতে সরকারি প্রকল্পের আওতায় আমদানিকৃত পণ্য;
- (জ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ২০২-আইন/৯৫/১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ খ্রিস্টাব্দ এর আওতায় আমদানিকৃত পণ্য;
- (ঝ) তুলা (এইচ এস কোড ৫২০১.০০.০০), পলিস্টার ইয়ার্ন (এইচ এস কোড ৫৫০৩.২০.০০), ভিসকস ইয়ার্ন (এইচ এস কোড ৫৫০৪.১০.০০) আমদানির ক্ষেত্রে;
- (ঝঃ) সরকার অনুমোদিত বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও শুধুমাত্র বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট উপকরণ; এবং
- (ট) কোন নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় জারিকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ।


(হাতান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মুসক নীতি)
ফোন: ৮৩১৮১২০, এক্স - ২৩১